# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩৩২. যে ব্যক্তি কথায় ব্যস্ত অথবা ঘুমন্ত এমন কারোর পেছনে নামায পড়া

’আব্দুল্লাহ্ বিন্ ’আববাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُصَلَّى خَلْفَ الْمُتَحَدِّثِ وَالنَّائِمِ

“রাসূল (সা.) কোন ঘুমন্ত ব্যক্তি ও যে এখন কথা বলছে এমন কারোর পেছনে নামায পড়তে নিষেধ করেছেন”।[1]

তবে অন্য কোথাও জায়গা না পেলে প্রয়োজনে যে কোন ঘুমন্ত ব্যক্তিকে সামনে রেখেও রাত্রি বেলায় নফল নামায পড়া যায়।

’আয়িশা (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন:

كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي مِنْ اللَّيْلِ وَأَنَا مُعْتَرِضَةٌ بَيْنَهُ وَبَيْنَ الْقِبْلَةِ كَاعْتِرَاضِ الْجِنَازَةِ

“নবী (সা.) রাত্রি বেলায় নফল নামায পড়তেন ; অথচ আমি তিনি ও তাঁর ক্বিবলার মাঝে মৃত ব্যক্তির ন্যায় লম্বা হয়ে শুয়ে থাকতাম”।[2]

>

## ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ৬৯৪ ইবনু মাজাহ্, হাদীস ৯৬৯)

[2] (ইবনু মাজাহ্, হাদীস ৯৬৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11585

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন